

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া

## অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া এর ঋণ গ্রহীতা মেসার্স কলি ষ্টোর, মালিক- মো: কহিনুর আলম, পিতাঃ মৃত মন্দির আলী, সাং-মটপাড়া, জিয়ারখী, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া, ব্যবসায়িক ঠিকানাঃ মেসার্স কলি ষ্টোর, কমলাপুর বাজার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক আছে এবং রেজিস্ট্রিকৃত আমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৯/২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২৮,৬৯ লক্ষ (কথায়ঃ আঠাশ দশমিক ছয় নয় লক্ষ টাকা মাত্র) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তপশীলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর, মৌজা-কালীশংকরপুর, জে.এল. নং-৩৫/২১, খতিয়ান নং-৭১০ (এস.এ) ও ১২৬, ১২৭, (আর.এস.), আর.এস. খারিজ খতিয়ান নং-২৫৯২, দাগ নং-৮৪৭ (এস.এ.) ও ৪৭২৬, ৪৭২৫ (আর.এস.), জমির পরিমাণ ৫.০০ শতাংশ বা ০.০৫ একর, রকম-আবাসিক জমি।
- ২। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর, মৌজা-জিয়ারখী, জে.এল. নং-৪৬/৩৮, খতিয়ান নং-৮৬৪, ১৬১৮, ১৫২৩, ১৫২৪, ১৫২৩, ৯১৩, ৯১১, ১১৩৮, ১১৯, ১১৯, ১৬৩৯, ১০৮৮, ২০, ১১৮৯, ১৬৫৯, ৮৬, ১৪৪০, ১৬৪৫, ৮৭৭, ৯০৯, ৩০৯, ১৮০৩, ১৪৩৭ ও ১৬০৩ (এস.এ) এবং ১১৯৮, ১৬৪৬, ১৩৫৭, ১৩৫৭, ১৩৫৭, ৮৫৬, ৮৫৯, ৪৩০, ১৩৫৬, ১৩৫৬, ৫৭৩, ১১৪৬, ১৭৪৩, ১৪৬০, ১০৮৭, ২৯৭, ২৯৭, ১৩৫৮/১, ১৩৫৮/১, ১৩৫৮/১, ১৩৫৮/১, ১৩৫৮/১, ১২৩০ ও ১৩৫৮ (আর.এস.), আর.এস. খারিজ খতিয়ান নং-১১৯৮/১, দাগ নং-২৫১০, ২৪৯৭, ২৫৬৭, ২৫৬৩, ১৯১৮, ২৫০৭, ২৫০৫, ২৪৬৪, ২৫৭৪, ২৫৫৯, ২৪৫১, ১৭৩১, ১৮২৯, ৩৮০১, ২৪৭০, ২৪০২, ২৪৭৮, ২৪৮৮, ২৫৬২, ২৫০৮, ২৫০৯, ১৯১৬, ২৫৬৮ ও ৩০৭৬ (এস.এ.) এবং ৩৮১৫, ১৯৬০, ৩৭৫৪, ৩৭৫৯, ৩৮২২, ৩৭৬৫, ৩৭৬৩, ৩৬১৭, ৩৭৪৫, ৩৭৬৭, ৩৫৯৭, ৪০২০, ৪০৪৩, ৪০২৬, ৩৬১৯, ৩৮০৭, ৩৮২১, ৩৬৪৯, ৩৭৬৮, ৩৮১৬, ৩৮১৭, ৩৮১৮, ৩৭৫৩ ও ৫২০১ (আর.এস.), জমির পরিমাণ ৮২.৭২ শতাংশ বা ০.৮২৭২ একর, রকম-কৃষি জমি।
- ৩। জেলা-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া সদর, মৌজা-জিয়ারখী, জে.এল. নং-৪৬/৩৮, খতিয়ান নং-১৩৩৪ (এস.এ) ও ৩৩৪, ৩৩৩ (আর.এস.), আর.এস. খারিজ খতিয়ান নং-১৮৯৩, দাগ নং-২৪৮১ ও ২৪৯৯ (এস.এ.) ও ৩৭৩১, ৩৫৩২ ও ৩৩০৮ (আর.এস.), জমির পরিমাণ ৫৯.০০ শতাংশ বা ০.৫৯ একর, রকম-কৃষি ও বানিজ্যিক জমি।

### নিলামের শর্তাবলী

- ১। আগামী ০৪/০১/২০১৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ২য় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি/পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড,  
কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া, ফোন - +৮৮-০৭১-৬১৯৯১  
মোবাইল- ০১৭১১৮৮১০৫৮, ই-মেইল- kst@ucb.com.bd